বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা
পিপিআর অনুবিভাগ
www.bpatc.org.bd

বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণ কার্যক্রমকে আরো গতিশীল ও যুগোপযোগী করার লক্ষ্যে মতবিনিময় সভার কার্যবিবরণী।

প্রধান অতিথি : জনাব ইসমাত আরা সাদেক, মাননীয় প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয়।
সভাপতি : ড. এম আসলাম আলম, রেক্টর, বিপিএটিসি
স্থান : বিপিএটিসি সিন্ডিকেট ভবন
তারিখ : ১৯/১১/২০১৭
সময় : দুপুর ০২:৩০ ঘটিকা

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা সংযুক্ত। পরিশিষ্ট: 'ক'

বিগত ১৯ নভেম্বর, ২০১৭ তারিখ দুপুর ০২:৩০ ঘটিকায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ইসমাত আরা সাদেক, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে এক মতবিনিময় সভায় মিলিত হন। উক্ত মতবিনিময় সভায় পরিচালক (পিপিআর) বিপিএটিসি'র অর্জন ও ভবিষ্যৎ পরিকল্পনার চিত্র উপস্থাপন করেন। সভায় নিম্নোক্ত বিষয়ে বিশদ আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

আলোচ্যসূচি-১.১: সভার শুরুতে বিগত বছরসমূহে বিপিএটিসি'র অর্জন বিশেষ করে সকল কোর কোর্সের অংশগ্রহণমূলক পদ্ধতির মাধ্যমে প্রশিক্ষণ প্রদানের হার বৃদ্ধি, মহান মুক্তিযুদ্ধের চেতনার সাথে সংশ্লিষ্ট ইতিহাস ঐতিহ্য এবং বর্তমান সরকারের উন্নয়ন অগ্রাধিকার বিষয়সমূহ অন্তর্ভুক্ত করায় মাননীয় প্রতিমন্ত্রী সন্তোষ প্রকাশ করেন। এছাড়া বিপিএটিসি'র সকল পর্যায়ের প্রশিক্ষণ কোর্সের মান উন্নয়নে ইতোমধ্যে গৃহীত পদক্ষেপের বিষয়ে তিনি সন্তোষ প্রকাশ করেন এবং এ ধারা অব্যাহত রাখার জন্য সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের নির্দেশনা প্রদান করেন। বিপিএটিসি'র ভৌত-অবকাঠামোগত সীমাবদ্ধতাসহ পেশাদার প্রশিক্ষক স্বল্পতা, এছাড়া প্রশিক্ষণার্থীদের সুবিধাদির স্বল্পতা, প্রশিক্ষকদের প্রণোদনার অভাবসহ বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়।

সিদ্ধান্ত ১.১: ইতোমধ্যে গৃহীত সকল উন্নয়ন কার্যক্রম বিশেষত: কোর্সসমূহের বিষয় ও পাঠ-দান পদ্ধতির হালনাগাদকরণ অব্যাহত রাখতে হবে।

আলোচ্যসূচি-২.১: বুনিয়াদি কোর্সের মেয়াদ বৃদ্ধি

২০১৫ সনের জানুয়ারি মাস থেকে মাননীয় প্রধানমন্ত্রীর সিদ্ধান্ত অনুযায়ী বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের মেয়াদ ৪ মাস থেকে ৬ মাসে বর্ধিত করা হয়। মাননীয় প্রধানমন্ত্রীর উক্তরূপ সিদ্ধান্ত সিভিল সার্ভিস প্রশিক্ষণের প্রতি তাঁর সদয় সুদৃষ্টি ও আন্তরিকতার বহিঃপ্রকাশ মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। সভায় রেক্টর (সিনিয়র সচিব) মহোদয় মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়কে জানান যে, বিপিএটিসি মেগা প্রকল্প বাস্তবায়িত হলে বুনিয়াদি প্রশিক্ষণার্থীদের জন্য আবাসিক সুবিধা প্রায় ১০০০ জনে উন্নীত হবে। উক্তরূপ সুবিধার পূর্ণ ব্যবহারের মাধ্যমে জেনারেল ক্যাডারের বুনিয়াদি প্রশিক্ষণের মেয়াদ এক বৎসরে উন্নীত করে দেশী/বিদেশী বিশ্ববিদ্যালয়ের অংশীদারীত্বের মাধ্যমে "Executive Masters in Public Administration and Governance" বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি প্রদান করার উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। এক্ষেত্রে Technical Cadre এর অফিসারদের সংক্ষিপ্ত বুনিয়াদি প্রশিক্ষণ শেষে নিজস্ব Departmental Training Institution এ বাকী ৮/৯ মাস স্ব স্ব Cadre Specific Technical Training শেষে দেশী-বিদেশী বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায় Professional Masters ডিগ্রী প্রদান করা যেতে পারে।

সিদ্ধান্ত ২.১.১: উপর্যুক্ত দেশী-বিদেশী বিশ্ববিদ্যালয় নির্বাচন করে তাদের অংশীদারিত্বের ভিত্তিতে বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের মেয়াদ ১ বৎসরে উন্নীত করে Executive Masters Degree প্রদান করার বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর সিদ্ধান্তের জন্য প্রস্তাব প্রেরণ করা যেতে পারে।

সিদ্ধান্ত ২.১.২: উপর্যুক্ত দেশী-বিদেশী বিশ্ববিদ্যালয় নির্বাচন করে তাদের অংশীদারিত্বের ভিত্তিতে টেকনিক্যাল ক্যাডারের কর্মকর্তাদের বিশেষ বুনিয়াদি কোর্স উত্তর ০৮/০৯ মাসের Departmental প্রশিক্ষণ শেষে Professional Masters Degree প্রদান বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর সিদ্ধান্তের জন্য প্রস্তাব করা যেতে পারে।

আলোচ্যসূচি-২.২: বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স আরো ফলপ্রসূ করার জন্য সার্ভিসে নিয়োগের সাথে সাথে প্রশিক্ষণে প্রেরণের বিষয় নিয়ে আলোচনা হয়। আলোচনায় রেক্টর মহোদয় জানান যে, বর্তমানে কোন ব্যাকলগ নেই। ২০১৫ সনের জানুয়ারি থেকে ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে বিপিএটিসিসহ আরো কয়েকটি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সহযোগিতায় ব্যাকলগ শেষ করা হয়। আগামী জানুয়ারি মাস থেকে অনুষ্ঠেয় বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স থেকে সদ্য নিয়োগপ্রাপ্তগণই বুনিয়াদি কোর্সে যোগদান করবেন। কিন্তু বিসিএস (পুলিশ) ও জুডিশিয়ারী সার্ভিসের অফিসারগণ তাদের বিভাগীয় প্রশিক্ষণ সমাপ্ত করে ২ থেকে ১০ বৎসর পর বুনিয়াদি কোর্সে অংশগ্রহণ করতে বিপিএটিসিতে আসেন; এতে বুনিয়াদি প্রশিক্ষণের পুরো উদ্দেশ্যই ব্যাহত হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>সিদ্ধান্ত ২.২:</u> বাংলাদেশ সিভিল সার্ভিসে যোগদানের অব্যবহিত পরেই সকল ক্যাডারের অফিসারগণ বিপিএটিসি এর বুনিয়াদি প্রশিক্ষণে অংশগ্রহণ করবেন। যেসব সাভিসের সাথে সংশ্লিষ্ট মন্ত্রণালয় বুনিয়াদি প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী প্রেরণ করবেন সেসব মন্ত্রণালয় সার্ভিসে যোগদানের পরপরই অফিসারদের প্রশিক্ষণের জন্য মনোনীত করবেন। অন্যথায় বিপিএটিসি প্রশিক্ষণার্থীদের সেসব মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণের জন্য গ্রহণ নাও করতে পারে। বিষয়টি সকল সার্ভিস নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় নিশ্চিত করবেন।

<u>আলোচ্যসূচি ২.৩:</u> সভায় অভিমত ব্যক্ত করা হয় যে, BARD, RDA এবং NAPD যেহেতু পল্লী উন্নয়ন ও কৃষি বিষয়ক গবেষণায় অগ্রণী ভূমিকা পালন করছে সেহেতু উক্ত প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে কৃষি সম্প্রসারণ, সমবায়, পশুসম্পদ, মৎস্যসহ অন্যান্য টেকনিক্যাল ক্যাডারের কর্মকর্তাদের অধিক হারে প্রেরণ করা যায় এবং প্রশাসন, পুলিশসহ জেনারেল ক্যাডারের কর্মকর্তাদের বিপিএটিসিতে প্রেরণ করা যায়।

<u>সিদ্ধান্ত ২.৩:</u> প্রশাসনসহ জেনারেল ক্যাডারের কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণের জন্য বিপিএটিসি এবং কৃষি ও কৃষি বিষয়ক ক্যাডারসহ টেকনিক্যাল ক্যাডারের কর্মকর্তাদের BARD, RDA এবং NAPD-তে প্রেরণ করা যেতে পারে। তবে, এ ধরণের ব্যবস্থাপনার ক্ষেত্রে বিপিএটিসি পাঠ্যক্রম, আদর্শমান ও একাডেমিক তদারকী করবে।

<u>আলোচ্যসূচি-২.৪:</u> বাংলাদেশ সিভিল সার্ভিসের মধ্য সোপানের একমাত্র প্রশিক্ষণ এসিএডি। কোর্সটি বিভিন্ন কারণে খুবই গুরুত্বপূর্ণ বলে রেক্টর মহোদয় উল্লেখ করেন। কোর্সটির বর্তমান মেয়াদ বৃদ্ধিসহ এর ফোকাস পরিবর্তন করা জরুরী মর্মে তিনি মত প্রকাশ করেন। তিনি জানান, বুনিয়াদি প্রশিক্ষণ সমাপ্ত করার পর প্রায় ১২-২০ বৎসর পর্যন্ত আর কোন প্রশিক্ষণের ব্যবস্থা না থাকায় সরকারের উন্নয়ন অগ্রাধিকার, রূপকল্প, জননীতি প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে তাঁরা Updated থাকেন না। তাছাড়াও অন্যান্য ক্যাডার থেকে উপসচিব হিসাবে পদোন্নতি প্রাপ্তদের উন্নয়ন প্রশাসন ও জননীতি বিষয়ে সঙ্গত কারণেই জ্ঞান ও অভিজ্ঞতার ঘাটতি দেখা যায়। এ কারণে কোর্সটির মেয়াদ ২ মাস থেকে বাড়িয়ে ৬ মাসে উন্নীত করাসহ কোন বিদেশী/দেশী বিশ্ববিদ্যালয়ের সাথে অংশীদারীত্বের ভিত্তিতে Executive Diploma in Public Policy প্রদান করা প্রয়োজন।

<u>সিদ্ধান্ত ২.৪:</u> এসিএডি কোর্সটির মেয়াদ ২ মাস থেকে বাড়িয়ে ৬ মাস করা যেতে পারে। কোর্সের ফোকাস হবে উন্নয়ন প্রশাসন ও জননীতি (Public Policy)। এসিএডি কোর্সের বিষয়বস্তু ও মেয়াদ পরিবর্তন করে দেশী/বিদেশী বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায় Executive Diploma প্রদান করার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। কোর্সের ২৫% অংশগ্রহণকারীকে বৃত্তি প্রদানের মাধ্যমে বিভিন্ন দেশ থেকে আমন্ত্রণ জানানো যেতে পারে।

আলোচ্যসূচি-২.৫: এসএসসি কোর্সের মেয়াদ ছয় সপ্তাহ থেকে বাড়িয়ে আড়াই মাস (বৈদেশিক শিক্ষাসফরসহ) করা প্রয়োজন বলে রেক্টর মহোদয় অভিমত ব্যক্ত করেন। তিনি আরো জানান যে, কোর্সটি আন্তর্জাতিক মানে উন্নীত করার জন্য দেশী-বিদেশী প্রশিক্ষক দ্বারা যৌথভাবে পরিচালিত হতে পারে। কোর্সে ২০% বিদেশী অফিসারকে বৃত্তি প্রদানের মাধ্যমে আমন্ত্রণ জানানো যেতে পারে।

সিদ্ধান্ত ২.৫: এসএসসি কোর্সের মেয়াদ ছয় সপ্তাহ থেকে বাড়িয়ে দুই সপ্তাহ বৈদেশিক প্রশিক্ষণসহ আড়াই মাসে (দশ সপ্তাহ) উন্নীত করা যেতে পারে। কোর্সে ২০% বিদেশী অফিসারকে বৃত্তি প্রদানের মাধ্যমে আমন্ত্রণ জানানো যেতে পারে এবং কোর্সটিতে দেশীয় প্রশিক্ষকদের পাশাপাশি দক্ষ বিদেশী প্রশিক্ষকদের দ্বারা প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে।

আলোচ্যসূচি- ৩.১: কোর কোর্সসমূহের উন্নয়নের সাথে সাথে সিভিল সার্ভিস প্রশিক্ষণকে ফলপ্রসূ ও কার্যকর করার নিমিত্ত জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালার পরিপূর্ণ বাস্তবায়ন জরুরী মর্মে সভায় মতামত ব্যক্ত করা হয়। জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালায় বর্ণিত বিভিন্ন বিধান যেমন পদোন্নতি ও পদায়নের সাথে প্রশিক্ষণের ফলাফলের সংযোগ স্থাপন, প্রশিক্ষকদের জন্য বিশেষ ভাতা প্রদান, ফ্রি আবাসন ব্যবস্থা প্রশিক্ষকদের সক্ষমতা বৃদ্ধির বিষয়ে অগ্রাধিকার প্রদান, প্রশিক্ষক পুল গঠন, গবেষণা খাতে পর্যাপ্ত পরিমাণ অর্থ বরাদ্দ, প্রশিক্ষকদের জন্য পৃথক কর্ম-মূল্যায়ন পদ্ধতির প্রবর্তন, রাজস্ব বাজেট থেকে বৈদেশিক সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণের সুযোগ তৈরীসহ বিভিন্ন উন্নয়ন ভাবনা তুলে ধরা হয়। সভায় প্রতিটি বিষয়ের যৌক্তিকতা ও প্রয়োজনীয় ব্যাখ্যা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়।

সিদ্ধান্ত ৩.১.১: জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালা ২০০৩ এর ৯(ii) বিধান মোতাবেক প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ডেপুটেশনে কর্মরত প্রশিক্ষকদের ৩০% বিশেষ ভাতা চলমান বেতন স্কেলের হারে প্রদান করার বিষয়ে সবাই একমত পোষণ করেন। অধিকন্তু প্রশিক্ষণ কার্যক্রম একটি বিশেষায়িত ও বুদ্ধিবৃত্তিক পেশা বিবেচনায় বিশেষ ভাতা ৩০% থেকে উন্নীত করে ১০০% বর্ধিত করা প্রয়োজন বলে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় একমত পোষণ করেন।

সিদ্ধান্ত ৩.১.২: জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালা ২০০৩ এর ৯.০ (iv) নং বিধান অনুযায়ী প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রশিক্ষক ও সহযোগী স্টাফদের জন্য ফ্রি-আবাসনের সুবিধা অবিলম্বে বাস্তবায়ন করা প্রয়োজন মর্মে সভা একমত প্রকাশ করে।